



## বিমানবন্দরে আগুন, রাতের মধ্যেই ফ্লাইট স্বাভাবিকের চেষ্টা: বিমান পরিবহন উপদেষ্টা



সংগৃহীত ছবি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় রাতের মধ্যেই ফ্লাইট চলাচল স্বাভাবিক করার চেষ্টা চলছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন এবং বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। শনিবার (১৮ অক্টোবর) রাতে ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

শেখ বশিরউদ্দীন বলেন, “বর্তমানে বিমানবন্দরের ফ্লাইট চলাচল সাময়িকভাবে বন্ধ রয়েছে। আগুনের সূত্রপাত হয়েছে আমদানি কার্গো এলাকায়, তবে রফতানি কার্গো অংশ সম্পূর্ণ নিরাপদ।” তিনি আরও বলেন, “আমাদের এখন প্রধান লক্ষ্য বিমানবন্দরের কার্যক্রম দ্রুত স্বাভাবিক করা, ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করা এবং একটি তদন্ত কমিটি গঠন করে দুর্ঘটনার কারণ খুঁজে বের করা।”

তিনি জানান, আগুন এখন নিয়ন্ত্রণে এলেও পুরোপুরি নির্বাপিত হয়নি। অগ্নিনির্বাপণে অংশ নেওয়া ফায়ার সার্ভিসের কয়েকজন কর্মী আহত হয়েছেন, যাদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী, ফায়ার সার্ভিসের ৩৭টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। পাশাপাশি সিভিল অ্যাভিয়েশন, সেনা, নৌ ও বিমানবাহিনী এবং বিজিবির সদস্যরাও যৌথভাবে আগুন নেভানোর কাজে অংশ নিচ্ছেন।